



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

ফোন : ৯৫৫৬৯৩১

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

প্রকা/(হিসাব-১) পরিপত্র নং- ০৫/২০১৭

তারিখ : ২৯-০৫-২০১৭

- ০১। মহাব্যবস্থাপক
লোকাল প্রিন্সিপাল অফিস, ঢাকা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক
কর্পোরেট শাখাসমূহ।
- ০৩। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ৩০ জুন ২০১৭ তারিখ ভিত্তিক বার্ষিক হিসাব সমাপনী প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয়ে হিসাব ও জেনারেল ব্যাংকিং ম্যানুয়েল-২০১০(১ম খন্ড) এর ১৩.০১ হতে ১৩.৪১ নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। সকল শাখাকে ম্যানুয়েলের উক্ত অনুচ্ছেদসমূহে বর্ণিত নির্দেশনা ও পরবর্তীতে বিভিন্ন সময়ে জারিকৃত পত্র/পরিপত্রের নির্দেশানুযায়ী বার্ষিক হিসাব সমাপনী ৩০ জুন, ২০১৭ সম্পন্ন করতে হবে এবং উক্ত তারিখে একটি “সমাপনী পূর্ব” বৈষয়িক বিবরণী - এসিএফ-৩৭ (২০১৬ সনে প্রধান কার্যালয় কর্তৃক মুদ্রিত ও সংশোধিত) তৈরি করতে হবে। অনলাইন ও কম্পিউটারাইজড শাখাসমূহের বৈষয়িক বিবরণীও কম্পিউটার প্রিন্টের পরিবর্তে অবশ্যই ব্যাংকের মুদ্রিত বৈষয়িক বিবরণীতে তৈরী করতে হবে।

- ০৩। হিসাব সমাপনের সুবিধার্থে নিম্নবর্ণিত দিক-নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

৩.০১। ২১-চলতি হিসাবঃ

চলতি হিসাবে কোন সুদ প্রদান করা যাবে না। প্রতিটি হিসাব হতে Account Maintenance Fee বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা আদায় ছাড়াও উক্ত ফি'র উপর ১৫% হারে ভ্যাট (মুসক) আদায় করতে হবে। হিসাবের স্থিতি ৫০০/- টাকা অথবা ৫০০/- টাকার কম হলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। এ ক্ষেত্রে নিম্নরূপ স্থানান্তর ভাউচার হবে।

ডেবিট	ক্রেডিট
২১-চলতি হিসাব	৪৬/১৬ Account Maintenance Fee
	৪১/১০(ক) ভ্যাট (মুসক)

সূত্র নং- হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-০৬/২০১০ তারিখঃ ১০-০১-২০১০

৩.০২। ২২- সঞ্চয়ী হিসাবঃ

ক) ১ জানুয়ারী, ২০১৭ হতে ৩০ জুন, ২০১৭ পর্যন্ত প্রতি মাসের ন্যূনতম স্থিতিতে ভিত্তি ধরে সঞ্চয়ী আমানত হিসাবে যে কোন অংকের স্থিতির উপর নিম্নবর্ণিত হারে সুদ প্রদান করতে হবে। এক্ষেত্রে হিসাব ম্যানুয়েল ২০১০ এর অনুচ্ছেদ নং ১৯.১০ যথাযথভাবে অনুসরণ করতে হবে। তবে সর্বনিম্ন সুদের পরিমাণ হবে ১০/- টাকা (হিসাব ম্যানুয়েল-২০১০ অনুচ্ছেদ নং- ১৯.০৬(গ) মোতাবেক)। প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে আয়কর আদায় করতে হবে।

* সূত্রঃ অপারেশন পরিপত্র নং-৪৫/৯৭ তারিখঃ ১৪-০৭-৯৭

সঞ্চয়ী আমানত হিসাবের সুদের হার নিম্নরূপঃ

সময়কাল	শহর/গ্রাম	সুদের হার
০১-০৪-২০১৬ হতে ০৪-০২-২০১৭ সঞ্চয়ী আমানতের সুদের হার পুনঃনির্ধারণ	শহর	৪.০০%
	গ্রাম	৫.০০%
০৫-০২-২০১৭ হতে অদ্যাবধি	গ্রাম ও শহর নির্বিশেষে	৩.৫০%

সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২২/২০১৭ তারিখঃ ৩১-০১-২০১৭

খ) নিম্নোক্তভাবে Account Maintenance Fee আদায়/কর্তন করতে হবেঃ

➤ সঞ্চয়ী হিসাবে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে Account Maintenance Fee আদায় করা যাবে না।

➤ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে Account Maintenance Fee প্রতি ষান্মাসিকে ১০০/- (একশত) টাকা ও উক্ত ফি'র উপর ১৫/- টাকা ভ্যাট আদায় করতে হবে।

➤ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার উর্ধ্বে স্থিতির ক্ষেত্রে Account Maintenance Fee প্রতি ষান্মাসিকে ৩০০/- (তিনশত) টাকা ও উক্ত ফি'র উপর ৪৫/- টাকা ভ্যাট আদায় করতে হবে।

গ) কৃষি উপকরণ সহায়তা কার্ডধারী কৃষকের বিশেষ ভর্তুকী আমানত হিসাব, পল্লী প্রগতি প্রকল্প, ঘরে ফেরাসহ অন্যান্য দারিদ্র বিমোচন কর্মসূচীর সুফলভোগীদের সঞ্চয়ী হিসাবসমূহ হতে বর্ণিত Account Maintenance Fee কর্তন করা যাবে না।

ঘ) উপরোক্ত ক ও খ এর ক্ষেত্রে নিম্নরূপ স্থানান্তর ভাউচার হবে।

ডেবিট	ক্রেডিট
১৩৩/৩৭ আমানতের সুদ ব্যয়	২২ সঞ্চয়ী হিসাব
২২ সঞ্চয়ী হিসাব	৪১/১৬ উৎসে আয়কর
	৪৬/১৬ Account Maintenance Fee
	৪১/১০(ক) ভ্যাট (মুসক)

৩.০৩। ২৩-স্থায়ী আমানত হিসাবঃ

বার্ষিক হিসাব সমাপনীকালে কেবলমাত্র পূর্ণতাপ্রাপ্ত স্থায়ী আমানত হিসাবে নির্ধারিত হারে সুদ ধার্য করে ব্যয় হিসাব খাত ১৩৩/৩৭ ডেবিট এবং সংশ্লিষ্ট আমানত হিসাবটি ক্রেডিট করতে হবে। প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে আয়কর কর্তন করতে হবে। মেয়াদ পূর্ণ হয় নাই এমন হিসাবসমূহের ক্ষেত্রে ৩০ জুন, ২০১৭ পর্যন্ত দিনের সংখ্যা হিসাব করে নির্ধারিত হারে সুদ হিসাবায়নের পর উহা প্রভিশন করে ব্যয় হিসাব ১৩৩/৩৭ ডেবিট এবং ৪১/৪ হিসাব খাত ক্রেডিট করতে হবে। প্রভিশনকৃত সুদ সম্পূরক (Supplementary) খতিয়ানে ৪১/৪ হিসাব খাতে লিপিবদ্ধ করে রাখতে হবে। প্রভিশনকৃত সুদের উপর উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবেনা। সংশ্লিষ্ট স্থায়ী আমানতসমূহের মেয়াদ পূর্তি/বছর পূর্তির তারিখে (মেয়াদ পূর্তির তারিখ সরকারী ছুটি থাকলে পরবর্তী কার্যদিবসে) ১ জুলাই ২০১৭ হতে দিনের সংখ্যা হিসাব করে অবশিষ্ট সময়ের সুদ ধার্য করতে হবে এবং সম্পূর্ণ সুদ আমানত হিসাবে ক্রেডিট করতে হবে। এক্ষেত্রে প্রদত্ত মোট সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন করতে হবে।

স্থায়ী আমানতের সুদের হার নিম্নরূপঃ

ক্র. নং	স্থায়ী আমানতের মেয়াদকাল	০১-০৩-১৬ হতে ৩১-০৩-১৬	০১-০৪-১৬ হতে ১৮-০৫-১৬	১৯-০৫-১৬ হতে ৩০-০৬-১৬	০১-০৭-১৬ হতে ০৪-০২-১৭	০৫-০২-১৭ হতে অদ্যাবধি
১	৩ মাস ও তদুর্ধ্ব কিন্তু ৬ মাসের কম	৬.৫০%	৬.০০%	৫.৫০%	৫.০০%	৪.৫০%
২	৬ মাস ও তদুর্ধ্ব কিন্তু ১ বছরের কম	৬.৭৫%	৬.২৫%	৫.৭৫%	৫.২৫%	৪.৭৫%
৩	১ বছর ও তদুর্ধ্ব সর্বোচ্চ ৩ বছর	৭.০০%	৬.৫০%	৬.০০%	৫.৫০%	৫.০০%

* সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০২/২০১৬ তারিখঃ ২৩-০২-২০১৬

* সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৫/২০১৬ তারিখঃ ৩১-০৩-২০১৬

* সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২২/২০১৭ তারিখঃ ৩১-০১-২০১৭

৩.০৩(ক) ২৩ বিকেবি ডাবল প্রফিট স্কীমঃ

৬(ছয়) বছর মেয়াদী বার্ষিক ১২.২৫% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে। সুদ প্রদান পদ্ধতি ও হিসাবায়ন পদ্ধতি অনুচ্ছেদ নং- ৩.০৩ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রচলিত হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। তবে শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যুটি) পরিপত্র নং-০৫/২০১৪ তারিখঃ ২৫-০৬-২০১৪ মোতাবেক বর্তমানে উক্ত হিসাব খোলা বন্ধ আছে। পরবর্তীতে শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যুটি) পরিপত্র নং-১৪/২০১৪ তারিখঃ ১৯-১০-২০১৪ মোতাবেক উক্ত হিসাব পুনরায় ৮(আট) বছর মেয়াদী বার্ষিক ৯.২৫% চক্রবৃদ্ধি সুদ হারে চালু করা হয়। বিশেষ ভাবে উল্লেখ্য যে, এ বিষয়ে শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যুটি) পরিপত্র নং- ০১/২০১৭ তারিখ ১৬-০২-২০১৭ যথাযথভাবে অনুসরণযোগ্য।

সূত্র নং- ডিএমডি-১(শানিব্যুটি) পরিপত্র নং-০৩/২০১২ তারিখঃ ২৭-০৩-২০১২

৩.০৩(খ) ২৩ বিকেবি মাসিক প্রফিট স্কীমঃ

৫(পাঁচ) বছর মেয়াদী বার্ষিক ১২.০০% সুদ হারে এবং পরবর্তীতে ১২.৫০% সুদ হারে (২৬-১২-২০১২ হতে) মাসিক ভিত্তিতে চলতি/সঞ্চয়ী আমানত হিসাবের মাধ্যমে সুদ প্রদানযোগ্য হবে। প্রচলিত হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। তবে শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যুটি) পরিপত্র নং-০৫/২০১৪ তারিখঃ ২৫-০৬-২০১৪ মোতাবেক বর্তমানে উক্ত হিসাব খোলা বন্ধ আছে। পরবর্তীতে শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যুটি) পরিপত্র নং-১৪/২০১৪ তারিখঃ ১৯-১০-২০১৪ মোতাবেক উক্ত হিসাব পুনরায় ৩/৫(তিন/পাঁচ) বছর মেয়াদী বার্ষিক ১০.৮০% সুদ হারে চালু করা হয়। সূত্র নং- ডিএমডি-১(শানিব্যুটি) পরিপত্র নং-০৩/২০১২ তারিখঃ ২৭-০৩-২০১২ এবং এ বিষয়ে শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যুটি) পরিপত্র নং-০১/২০১৭ তারিখ ১৬-০২-২০১৭ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

৩.০৩(গ) ২৩ বিকেবি অবসর সঞ্চয় প্রকল্প (বর্তমানে যে গুলো চালু আছে)ঃ

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বিকেবি, প্রকা, ঢাকা'র সার্কুলার লেটার নং-০৬/২০১৫ তারিখ ০৩-১১-২০১৫ এর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩.০৪। ২১১-কর্মকর্তা/কর্মচারীদের নিরাপত্তা জামানতের উপর সুদঃ

৩০ জুন, ২০১৭ বার্ষিক হিসাব সমাপনীকালে অফিসার(ক্যাশ)/কোষাধ্যক্ষ/সহকারী কোষাধ্যক্ষ/মুদ্রাক্ষরিক/অন্যান্য কর্মচারীদের নিরাপত্তা জামানত হিসাবে ব্যাংক রেটের চেয়ে ৩% বেশী হারে সুদ প্রদান করতে হবে এবং ৩০ জুন সংশ্লিষ্ট কর্মচারীগণকে সুদ প্রদত্ত না হলে উহা ৪১/১০ (প্রদেয় হিসাব/বিবিধ) খাতে রাখতে হবে। বর্তমান ব্যাংক রেট ৫.০০%। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে আয়কর কর্তন করতে হবে।

* সূত্রঃ অপারেশন পরিপত্র নং-৮৭/৯৩ তারিখঃ ২৪-০৮-৯৩।

* সূত্রঃ অপারেশন পরিপত্র নং-২৫/২০০৩ তারিখঃ ১৫-১১-২০০৩।

৩.০৫। ২১৩-স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি)ঃ

হিসাব বন্ধ করার সময় এবং বাৎসরিক হিসাব সমাপনীতে (জুন মাসে) দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে সুদ প্রদেয় হবে। প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে আয়কর কর্তন করতে হবে। তবে কোন অবস্থাতেই চক্রবৃদ্ধি আকারে সুদ দেয়া যাবে না। এসএনডি হিসাব পরিচালনা ও উহার উপর সুদ ধার্যকরণের ক্ষেত্রে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৫/২০১০ তারিখঃ ১১-০৮-২০১০ এ বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে। প্রতিটি হিসাব হতে Account Maintenance Fee বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা প্রতি যান্মাসিকে আদায় হাড়াও উক্ত ফি'র উপর ১৫% হারে ভ্যাট (মূসক) আদায় করতে হবে। হিসাবের স্থিতি ৫০০/- (পাঁচশত) টাকার কম হলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। এসএনডি হিসাবের সুদের হার নিম্নরূপ

স্থিতি পরিমাণ	সুদের হার
অনুর্ধ্ব ১০০.০০ কোটি টাকা	সকল ক্ষেত্রে ৩.৫০%
১০০.০০ কোটি টাকা ও তদুর্ধ্ব	

* সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২২/২০১৭ তারিখঃ ৩১-০১-২০১৭।

৩.০৬। ২১৫-ডিপিএস হিসাবঃ

বার্ষিক হিসাব সমাপনীকালে সকল ডিপিএস আমানত হিসাবের উপর ১৫% হারে সুদ আরোপ করতে হবে এবং উহা ১৩৩/৩৭(এ)-হিসাব খাত ডেবিট এবং ২১৫-ডিপিএস আমানত হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর কোন উৎসে আয়কর কর্তন হবে না।

* সূত্রঃ পরিপত্র নং- হিসাব-২১/৮৫ তারিখ ২৪/০৪/৮৫।

৩.০৭। ২২২-শিক্ষক সঞ্চয় প্রকল্পঃ

বিক্রেবি, “শিক্ষক সঞ্চয় প্রকল্প” হিসাবে জমা টাকার উপর বার্ষিক ৬.৫০% চক্রবৃদ্ধি হারে সুদ প্রদান করতে হবে। উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭সি হিসাব খাত ডেবিট এবং ২২২-“শিক্ষক সঞ্চয় প্রকল্প” হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন হবে।

সূত্র নং-হিসাব ও নিরীক্ষা (হিসাব-১) পরিপত্র নং-১৬/২০০২ তারিখঃ ১৪-০৯-২০০২

সূত্র নং-প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১২৩৯ তারিখ ০৫-০৩-০৯

৩.০৮। ২২৩-ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পঃ

বিক্রেবি, “ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প” হিসাবে জমা টাকার উপর বার্ষিক ৬.০০% চক্রবৃদ্ধি হারে সুদ প্রদান করতে হবে। উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭ডি হিসাব খাত ডেবিট এবং “২২৩- ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প” হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন হবে।

* সূত্র নং- নিরীক্ষা ও হিসাব (হিসাব-১) পরিপত্র নং-২১/২০০২ তারিখঃ ০২-১২-২০০২

* সূত্র নং-প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১২৩৯ তারিখ ০৫-০৩-০৯

৩.০৯। ২২৫-শিক্ষা সঞ্চয় প্রকল্পঃ

বিক্রেবি, “শিক্ষা সঞ্চয় প্রকল্প” হিসাবে জমা টাকার উপর নিম্নবর্ণিত হারে সুদ প্রদান করতে হবে। উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭ই খাত ডেবিট এবং “২২৫ শিক্ষা সঞ্চয় প্রকল্প” হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন হবে। এ বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যুটি) পরিপত্র নং-০১/২০১৭ তারিখ ১৬-০২-২০১৭এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

এ হিসাবে সুদের হার নিম্নরূপঃ

ক) মাসিক কিস্তি ভিত্তিক সঞ্চয় প্রকল্পঃ	খ) এক কালীন জমা ভিত্তিক আমানত প্রকল্পঃ
৫ বছর মেয়াদের জন্য বার্ষিক - ৫.০০%	৭ বছর মেয়াদের জন্য বার্ষিক - ৬.৫০%
৭ বছর মেয়াদের জন্য বার্ষিক - ৫.৫০%	১০ বছর মেয়াদের জন্য বার্ষিক- ৭.০০%
১০ বছর মেয়াদের জন্য বার্ষিক - ৬.০০%	১৫ বছর মেয়াদের জন্য বার্ষিক- ৭.২৫%

* সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৭/২০০৩ তারিখঃ ০৪-১২-২০০৩।

* সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০১৭ তারিখঃ ১৬-০২-২০১৭।

৩.১০। ২২৬-বাংলাদেশ কৃষি ব্যাংক সঞ্চয় স্কীমঃ

উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭ এফ হিসাব খাত ডেবিট এবং “২২৬-বাংলাদেশ কৃষি ব্যাংক সঞ্চয় স্কীম” হিসাব খাত ক্রেডিট করতে হবে। শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যুটি) পরিপত্র নং-০১/২০১৭ তারিখ ১৬-০২-২০১৭এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণযোগ্য। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন হবে।

ক্রঃ নং	মেয়াদ	সুদের হার(২৭-১১-০৭ হতে খোলা সঞ্চয়ী স্কীম হিসাবের মেয়াদপূর্ণ পর্যন্ত)	সুদের হার (১৬-০২-১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে)	মন্তব্য
ক)	৭ বছর মেয়াদের জন্য	৯.০০%	৭.০০%	চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে

* সূত্র নং- হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-১০/২০০৭ তারিখঃ ২৭-১১-২০০৭

* সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যুটি)পরিপত্র নং-০১/২০১৭ তারিখঃ ১৬-০২-২০১৭

৩.১১। ২২৭-কৃষাণ-কৃষাণী সঞ্চয় স্কীমঃ

সঞ্চয়ী আমানত হিসাবের নীতিমালা অনুযায়ী এ স্কীমে জমাকৃত টাকার উপর সঞ্চয়ী আমানতের সুদের হার অপেক্ষা ১% বেশী সুদারোপ করতে হবে। উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭জি খাত ডেবিট এবং ২২৭-কৃষাণ-কৃষাণী সঞ্চয় স্কীম হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন হবে।

সূত্রঃ ডিএমডি/পরিপত্র নং- হিসাব-০৫/২০০৬ তারিখ ২০/০৭/২০০৬।

৩.১২। ২২৮- মাসিক/ত্রৈমাসিক মুনাফা স্কীমঃ

এ স্কীমে মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত হারে সুদ ধার্য করে ১৩৩/৩৭এইচ হিসাব খাত ডেবিট এবং ২২৮ হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন হবে।

এ স্কীমের সুদের হার নিম্নরূপঃ

ক্রঃ নং	মেয়াদ	সুদের হার(০৫-১০-০৮ হতে খোলা মাসিক/ত্রৈমাসিক স্কীম হিসাবের মেয়াদপূর্ণ পর্যন্ত)	সুদের হার (১৬-০২-১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে প্রযোজ্য)	মন্তব্য
ক)	৩/৫ বছরের জন্য	৮.৫০% ও ৯.০০%	৬.৫০%	সরল রৈখিক হারে প্রযোজ্য

* সূত্র নং- হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-০৫/২০০৮ তারিখঃ ০৫-১০-২০০৮

* সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যুটি)পরিপত্র নং-০১/২০১৭ তারিখঃ ১৬-০২-২০১৭

৩.১৩। ২২৯-বিকেবি মাসিক সঞ্চয় স্কীম(এম,এস,এস):

বার্ষিক ভিত্তিতে প্রতি জুন মাসে চক্রবৃদ্ধি হারে সুদ ধার্য করে ১৩৩/৩৭জে হিসাব খাত ডেবিট এবং “২২৯ বিকেবি মাসিক সঞ্চয় স্কীম” হিসাব খাত ক্রেডিট করতে হবে। প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন হবে। এ স্কীমে সুদের হার নিম্নরূপ:

ক্রঃ নং	মেয়াদ	সুদের হার(২৩-০১-১২ হতে ২৫-০৬-১৪খোলা এমএসএস হিসাবের মেয়াদপূর্ণ পর্যন্ত)	সুদের হার(২৬-০৬-১৪ হতে ০৫-১২-১৬ খোলা এমএসএস হিসাবের মেয়াদপূর্ণ পর্যন্ত)	সুদের হার(০৬-১২-১৬ হতে ১৫-০২-১৭খোলা এমএসএস হিসাবের মেয়াদপূর্ণ পর্যন্ত)	সুদের হার (১৬-০২- ১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে)	মন্তব্য
ক)	৩ বছর মেয়াদের	১১.০০%	১০.০০%	৮.০০%	৬.০০%	চক্রবৃদ্ধি
খ)	৫ বছর মেয়াদের	১০.৫০%	৯.৫০%	৮.০০%	৭.০০%	সুদ হার
গ)	১০ বছর মেয়াদের	৯.৫০%	৯.০০%	৮.০০%	৭.০০%	প্রযোজ্য হবে

* সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যডিবি)পরিপত্র নং-২০/২০১৬ তারিখঃ ০৬-১২-২০১৬

* সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যডিবি)পরিপত্র নং-০১/২০১৭ তারিখঃ ১৬-০২-২০১৭

৩.১৪। ২৩০- ইন্ডেন্ট সেভিংস একাউন্ট :

এ হিসাবে জমাকৃত টাকার উপর ব্যাংকের নির্ধারিত সঞ্চয়ী আমানতের জন্য প্রযোজ্য সুদ হার অপেক্ষা ১% বেশি হারে সুদ প্রদান করা হবে। এরূপ হিসাবসমূহ হতে সরকারি ফি (উৎসে কর, আবগারী) ব্যতীত অন্য কোন প্রকার সার্ভিস চার্জ/ফি কর্তন করা যাবে না (সূত্র নং- ডিএমডি-১(শানিব্যডিবি) পরিপত্র নং-০৯/২০১৩ তারিখঃ ১১-১১-২০১৩)।

৩.১৫। সঞ্চয় স্কীমসমূহের দেয়/মেয়াদপূর্তির তারিখ সম্পর্কে স্পষ্টীকরণঃ

অত্র বিভাগ হতে জারিকৃত সার্কুলার লেটার নং-প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১৬১৪ তারিখ ২৪-০৫-০৯ এর মাধ্যমে বিকেবির প্রণীত সঞ্চয় স্কীমসমূহের দেয়/মেয়াদপূর্তির তারিখ সম্পর্কে নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হয়েছে। বিকেবির মাসিক কিস্তিভিত্তিক সকল সঞ্চয় স্কীমের ক্ষেত্রে হিসাব খোলার তারিখকে ভিত্তি হিসাবে ধরে শেষ কিস্তি জমা দেয়ার পরবর্তী মাসে হিসাব খোলার তারিখে কিংবা পরবর্তী কর্মদিবসে স্কীমের অর্থ সুদ আসলে (অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে) আমানতকারীকে প্রদান করতে হবে। উদাহরণ স্বরূপঃ আমানতকারী যদি হিসাব খোলার সময় ১ম কিস্তির টাকা ৮ তারিখে জমা করেন তাহলে ৫ বছর মেয়াদী সঞ্চয় স্কীমের ক্ষেত্রে ৬১তম মাসের ৮ তারিখ বা তৎপরবর্তী কর্মদিবসে আমানতের টাকা সুদ আসলে প্রদেয় হবে। এখানে উল্লেখ্য যে, শেষ কিস্তির টাকা যদি হিসাব খোলার তারিখের পরবর্তী কোন তারিখে জমা হয়ে থাকে সে ক্ষেত্রে শেষ কিস্তির টাকা জমার ৩০ দিন অতিক্রান্ত হওয়ার পরবর্তী তারিখে আমানতকারীকে সুদাসলে সমুদয় টাকা প্রদেয় হবে।

৩.১৬। উৎসে আয়কর কর্তনঃ

ক) আমানতঃ

অর্থ আইন, ২০১৪ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 53F ধারায় আনীত সংশোধনীর প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে নির্দেশনা প্রদান করেছে যে, সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের প্রত্যেক গ্রাহকের হিসাবে যেদিন সুদ/মুনাফা ক্রেডিট অথবা জমা প্রদান করবেন, উক্ত তারিখে গ্রাহকের ১২ ডিজিটের টিআইএন/ই-টিন থাকলে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সুদ/মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করতে হবে; এবং ঐ তারিখে ১২ডিজিটের টিআইএন/ই-টিন না থাকলে সুদ/মুনাফার উপর ১৫% হারে উৎসে কর কর্তন করতে হবে।

সূত্র নং-প্রকা/হিসাব-১/১(৫৪)/উৎসে কর ও ভ্যাট/২০১৪-২০১৫/৭৮৫(১২৫০) তারিখ ০৫-১১-২০১৪

খ) সঞ্চয় পত্রের সুদ/মুনাফা প্রদানের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনঃ

১। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২ডি ধারা অনুসারে সঞ্চয়পত্রের সুদ/মুনাফা প্রদানকালে ১০% হারে উৎসে আয়কর কর্তনের বিধান আছে। তবে এ ধারা প্রথম Proviso অনুসারে ১,৫০,০০০/- টাকা পর্যন্ত সুদ/মুনাফা প্রদানকালে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য ছিল না। এ উৎসে আয়কর কর্তনের অব্যাহতি সীমা সংক্রান্ত বিধান জাতীয় সংসদ কর্তৃক অনুমোদিত অর্থ বিল ২০১০ এ প্রত্যাখ্যান করা হয়েছে। অর্থাৎ বর্তমান বিধান অনুযায়ী যে কোন অংকের সুদ/মুনাফা প্রদানের বেলায় ১০% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে। এ বিধান ০১-০৭-২০১০ বা তৎপরবর্তীতে সুদ/মুনাফা প্রদানের বেলায় কার্যকর হবে। উল্লেখ্য, ১ জুলাই, ২০১১ তারিখের পূর্বে ক্রয়কৃত পেনশনার সঞ্চয়পত্র, পরিবার সঞ্চয়পত্র ও ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড উৎসে আয়কর কর্তনের আওতা বহির্ভূত থাকবে।

২। ১ জুলাই, ২০১১ তারিখ হতে নিম্নবর্ণিত সঞ্চয় স্কীমসমূহের মুনাফার উপর ৫% হারে উৎসে কর কর্তন করতে হবে। সঞ্চয় স্কীমসমূহ যথাঃ

- ◇ পরিবার সঞ্চয়পত্র
- ◇ ৫(পাঁচ) বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র
- ◇ ৩(তিন) মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র
- ◇ পেনশনার সঞ্চয়পত্র
- ◇ ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড।

৩। তাছাড়া পেনশনার সঞ্চয়পত্র এবং ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড এর সুদের উপর উৎসে কর সংক্রান্ত ধারা-৫২ডি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সংশোধন করা হয়েছে বিধায় অত্র বিভাগের সূত্র নং-প্রকা/হিসাব-১/১(৫৪)/উৎসে কর ও ভ্যাট/২০১৪-২০১৫/৮০০(১২৫০) তারিখ ০৬-১১-২০১৪ এর মাধ্যমে জারিকৃত নির্দেশনা পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো (যা বিকেবির ওয়েব সাইটে দেয়া আছে)।

৩.১৭। উৎসে আয়কর ও ভ্যাট কর্তনঃ সকল শাখা/কার্যালয় কর্তৃক প্রদানকৃত সকল প্রকার সেবা/বিল হতে নিয়ম মোতাবেক যথারীতি প্রযোজ্য হারে উৎসে আয়কর ও ভ্যাট কর্তন করতে হবে। কর্তনকৃত উৎসে আয়কর ও ভ্যাট প্রধান কার্যালয় কর্তৃক যথারীতি সরকারি কোষাগারে জমা করা হবে। এছাড়া ব্যাংকের বিভিন্ন শাখা/কার্যালয়কে কম্পিউটারাইজেশনের আওতায় অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন কাজে বিল প্রদান করা হয়ে থাকে, এসব বিল হতে নিয়মানুযায়ী উৎসে আয়কর ও ভ্যাট কর্তন করতে হবে। তাছাড়া অত্র বিভাগের পত্র নং-প্রকা/হিসাব-১/পরিপত্র-০৭/২০১৪ তারিখঃ ১৩-১১-২০১৪ এর মাধ্যমে জারিকৃত তালিকা অনুযায়ী উৎসে আয়কর ও ভ্যাট কর্তন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো (যা বিকেবির ওয়েব সাইটে দেয়া আছে)। উক্ত পরিপত্রের অনুচ্ছেদ নং-০৯ এর নিয়মানুযায়ী নিম্নোক্ত ছক মোতাবেক অত্র বিভাগের কর্মকর্তা, জনাব বিশ্বনাথ সরকার এর নামে ০৪-০৭-২০১৭ তারিখের মধ্যে জেলার প্রধান শাখা হতে ইস্যুকৃত একটিমাত্র ক্রেডিট এ্যাডভাইস বিবরণীসহ প্রেরণ করতে হবে।

বাংলাদেশ কৃষি ব্যাংক

..... শাখা

..... অঞ্চল

বিষয় : তারিখ ভিত্তিক উৎসে কর ও ভ্যাট এর বিবরণী।

ক্রঃ নং	শাখার নাম	বাড়ী ভাড়ার উপর কর্তনকৃত		নিরাপত্তা গ্রহীদের বেতনের উপর কর্তনকৃত		টিটি/ডিডি/এমটি/পি ওসহ অন্যান্য কমিশন হতে আদায়কৃত ভ্যাট	আমানতের সুদের উপর ১০%/১৫% হারে কর্তনকৃত উৎসে কর	মোট প্রকৃত টাকায়	মন্তব্য
		ভ্যাট	উৎসে কর	ভ্যাট	উৎসে কর				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১									
২									
সর্বমোট =									

সংযুক্তিঃ

অনুমোদিত স্বাক্ষর ও সীল

অনুমোদিত স্বাক্ষর ও সীল

৩.১৮। কর্মকর্তা/কর্মচারীদের অগ্রিমঃ

ক) ভবিষ্য তহবিলের বিপরীতে গৃহীত ঋণঃ

কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ হতে জারীকৃত নিরীক্ষা ও হিসাব মহাবিভাগ (হিসাব-২) পরিপত্র নং ০৩/২০০৩ তারিখ ০৩-০২-২০০৩ মোতাবেক ভবিষ্য তহবিল হিসাব লিয়েন রেখে ১০১৩/৪-খাতে গৃহীত পি এফ অগ্রিম কোন শাখায় অনাদায়ী থাকলে ১২% হারে সুদ আরোপ করে আসল ও সুদের স্থিতি (১০১৩/৪-পি এফ অগ্রিম আসল ও ১৩৭/৬-পি এফ অগ্রিম সুদ খাত) ১১১৪-বিকেবি, সাধারণ হিসাবের মাধ্যমে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়ের উপর ডেবিট এডভাইস ইস্যু করে কর্মকর্তা/কর্মচারীর নাম, পিতার নাম, পদবী, সুচক নং উল্লেখ পূর্বক একটি তালিকা সহ উক্ত ডেবিট এডভাইস কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ এর সহকারী মহাব্যবস্থাপক জনাব জয়নুল আবেদীন এর নামে প্রেরণ করতে হবে। এর পরে সংশ্লিষ্ট শাখায় ১০১৩/৪ ও ১৩৭/৬ হিসাব খাতে আর কোন স্থিতি থাকবে না।

খ) যানবাহন অগ্রিমঃ

যানবাহন অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে ৩০ জুন, ২০১৭ তারিখে দৈনিক প্রডাক্ট এর উপর বার্ষিক ৬.৫০% হারে সুদারোপ করে ১৩৭/১ উপ-খাত ডেবিট এবং ৪৬/৮ খাতকে ক্রেডিট করতে হবে।

গ) গৃহ নির্মাণ অগ্রিমঃ

গৃহ নির্মাণ অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে দৈনিক প্রডাক্ট এর উপর ব্যাংক রেট ৫.০০% হারে সুদারোপ করতে হবে এবং উহা ১৩৭/২ উপখাত ডেবিট এবং ৪৬/৮ খাতকে ক্রেডিট করতে হবে।

ঘ) মোবাইল ফোন ক্রয় অগ্রিমঃ

৩০ জুন, ২০১৭ তারিখে বার্ষিক ৫.৫০% হার সুদে (ব্যাংক রেটের চেয়ে ০.৫০ টাকা বেশী) দৈনিক প্রডাক্ট এর উপর সুদারোপ করে উহা ১৩৭/৭ খাত ডেবিট এবং ৪৬/৮ খাতে ক্রেডিট করতে হবে। সূত্রঃ প্রশাসন পরিপত্র নং-০৭/২০০৪ তারিখ ২৬-০১-২০০৪।

ঙ) কম্পিউটার ক্রয় অগ্রিমঃ

বার্ষিক ৬.৫০% হারে (মটর সাইকেল ঋণের অনুরূপ) সুদারোপ করে উহা ১৩৭/৮ খাত ডেবিট এবং ৪৬/৮ খাত ক্রেডিট করতে হবে। সূত্রঃ প্রশাসন পরিপত্র নং-২৩/২০০৭ তারিখ ০৬-১২-০৭।

৩.১৯। বিকেবি সাধারণ হিসাব :

ক) জুন, ২০১৭ বার্ষিক হিসাব সমাপনীকালে প্রচলিত নিয়ম অনুযায়ী বিকেবি সাধারণ হিসাব সমূহে দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে (১১২ খাত হতে ১১১৬ খাত পর্যন্ত) সুদ ধার্য করতে হবে। কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর পত্র নং প্রকা/হিসাব-১/(২৪)/০৩-০৪/৪৮৬ তারিখ ০৭-০৯-২০০৩ এর মাধ্যমে বিকেবি সাধারণ হিসাবে নীট সুদ নির্ধারণের ক্ষেত্রে ১০-০১-৯৯ইং তারিখে জারীকৃত প্রত্যবেক্ষন ও নিরীক্ষা (হিসাব-১) পরিপত্র নং- ০১/৯৯ এর নির্দেশনা বাতিল করে অপারেশন পরিপত্র নং-৫৫/৯৪ তাং ১২-০৬-৯৪ এর নির্দেশনা বহাল রাখা হয়েছে। সাধারণ হিসাবের উপর নীট প্রাপ্য বা নীট প্রদেয় সুদ এর পরিমাণ নির্ধারণ করে কেবল একটি মাত্র এ্যাডভাইস ইস্যু করতে হবে, উক্ত এ্যাডভাইস অবশ্যই মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। কর্পোরেট শাখাসমূহ উক্ত এডভাইস সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

বিকেবি সাধারণ হিসাবের সুদের হার নিম্নরূপঃ

বিবরণ	০১-০৭-২০১৫ হতে অদ্যাবধি	সূত্র নং- প্রকা/হিসাব-১/ পরিপত্র নং-১৭/২০১৬ তারিখঃ ২৪-০৩- ২০১৬
প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহণের ক্ষেত্রে সুদের হার	৭.৫০%	
প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের ক্ষেত্রে সুদের হার	৮%	

সুদের হিসাবায়ন : বৈষয়িক বিবরণীতে ১৩৩/৪২ অথবা ৪৬/১০ এর মধ্যে যে কোন একটি খাতে নীট সুদ দ্বারা ভাউচার করতে হবে। কোন অবস্থাতেই একটি শাখা উভয় খাতে টাকা এন্ট্রি দিতে পারবে না।

(১) উদাহরণ স্বরূপ সাধারণ হিসাবের উপর কোন শাখা নীট সুদ প্রাপ্য হলে হিসাবায়ন হবে নিম্নরূপ :

নীট সুদ প্রাপ্তি = সাধারণ হিসাব সমূহের উপর মোট প্রাপ্য সুদ (-) সাধারণ হিসাব সমূহের উপর মোট প্রদেয় সুদ
সঠিক ভাউচার হবে :

ডেবিট		বিবরণ	ক্রেডিট	
টাকার পরিমাণ	হিসাব খাত		হিসাব খাত	টাকার পরিমাণ
প্রাপ্য নীট সুদ	১১১৪		৪৬/১০	প্রাপ্য নীট সুদ

(২) উদাহরণ স্বরূপ সাধারণ হিসাবের উপর কোন শাখা নীট সুদ প্রদেয় হলে হিসাবায়ন হবে নিম্নরূপ :

প্রদেয় নীট সুদ = সাধারণ হিসাব সমূহের উপর মোট প্রদেয় সুদ (-) সাধারণ হিসাব সমূহের উপর মোট প্রাপ্য সুদ
সঠিক ভাউচার হবে :

ডেবিট		বিবরণ	ক্রেডিট	
টাকার পরিমাণ	হিসাব খাত		হিসাব খাত	টাকার পরিমাণ
প্রদেয় নীট সুদ	১৩৩/৪২		১১১৪	প্রদেয় নীট সুদ

সতর্কতা : নিম্নোক্ত ভাবে ভাউচার করা যাবে না :

ডেবিট		বিবরণ	ক্রেডিট	
টাকার পরিমাণ	হিসাব খাত		হিসাব খাত	টাকার পরিমাণ
প্রাপ্য নীট সুদ	১১১৪		৪৬/১০	প্রাপ্য নীট সুদ
প্রদেয় নীট সুদ	১৩৩/৪২		১১১৪	প্রদেয় নীট সুদ

খ) জুন, ২০১৭ বার্ষিক হিসাব সমাপনীকালে প্রধান কার্যালয় হতে গৃহীত/প্রদত্ত কর্জের উপর প্রদানকৃত/প্রাপ্ত সুদ কম বেশী হলে তার জন্য পরবর্তী সময়ে নিরীক্ষা আপত্তি উত্থাপিত হলে উক্ত আপত্তিটি পরবর্তী বার্ষিক হিসাব সমাপনীতে হিসাবভুক্ত/সমন্বয় করতে হবে। উল্লেখ্য, উক্ত কম বেশী সুদ বছরের মধ্যবর্তী সময়ে কখনও হিসাবভুক্ত/সমন্বয় করে প্রধান কার্যালয়ে এডভাইস ইস্যু করা যাবে না। বছরের মাঝামাঝি সময়ে কোন শাখা কর্তৃক সুদের এডভাইস ইস্যু করলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে।

৩.২০। ৪১-প্রদেয় হিসাব:

প্রদেয় হিসাব খাতের অনিষ্পন্ন এন্ট্রিসমূহ নিষ্পন্নের জন্য শাখা ব্যবস্থাপক সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করবেন যাতে ৩০ জুন, ২০১৭ তারিখে শাখায় অনিষ্পন্ন এন্ট্রি না থাকে। যুক্তিসংগত কারণ ছাড়া পুরাতন কোন এন্ট্রির জের নতুন বছরে টেনে নেয়া যাবে না। অসমন্বয়ের কারণসহ অনিষ্পন্ন এন্ট্রি সমূহের পূর্ণ বিবরণ উল্লেখ পূর্বক এসিএফ-৮০ ফরমে প্রদেয় হিসাবের প্রতিবেদন বার্ষিক হিসাব সমাপনী বিবরণীর সহিত প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৩.২১। ১৩১-আদায়যোগ্য হিসাব:

(ক) এ খাতে অনিষ্পন্ন এন্ট্রি সমূহ যথাসম্ভব সমন্বয় করতে হবে এবং যথাযথ যৌক্তিকতা ব্যতীত ২ মাসের অধিক অসমন্বিত কোন এন্ট্রি পরবর্তী বছরে জের টানা যাবে না। শাখায় ডাক খরচ নির্বাহের জন্য প্রদত্ত অগ্রিমের টাকা ৩০ জুন, ২০১৭ তারিখে সমন্বয় করে পরবর্তী অর্থ বছরের ১ম কার্যদিবসে ১৩১/১১ -আদায়যোগ্য হিসাব খাত ডেবিট করে নতুন অগ্রিম প্রদান করা যাবে।

(খ) ৩০ জুন, ২০১৭ তারিখে এই হিসাবে অসমন্বিত অন্তর্ভুক্তি সমূহ এসিএফ/৮০ ফরমে বিস্তারিতভাবে দেখাতে হবে। এই হিসাবের প্রতিটি উপ-হিসাব খাত কে পৃথক শিরোনামে দেখাতে হবে এবং উহার নীচে অসমন্বিত অন্তর্ভুক্তি সমূহের বিস্তারিত বর্ণনা দিতে হবে। সর্বশেষ পৃষ্ঠায় প্রত্যেক উপ-হিসাবের অসমন্বিত স্থিতির একত্রীভূত সমন্বয় বিবরণী তৈরী করতে হবে। এই সকল উপ-হিসাব খাতের যোগফল ৩০ জুন, ২০১৭ এর বৈষয়িক বিবরণীর ১৩১-প্রাপ্য হিসাবের স্থিতির সাথে মিলবে। ১ বছর বা তদূর্ধ্ব সময়ের কোন এন্ট্রি অনিষ্পন্ন রাখা যাবে না। উক্ত সময়ের অনিষ্পন্ন এন্ট্রির জন্য বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রভিশন করতে হলে তার দায়-দায়িত্ব শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে।

৩.২২। বদান্য তহবিল ও ভবিষ্য তহবিল :

✧ শাখায় রক্ষিত ০১-০১-২০১৭ হতে ৩০-০৬-২০১৭ পর্যন্ত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বেতন হতে কর্তনকৃত বদান্য তহবিলের চাঁদা(বকেয়াসহ) ২১ জুন, ২০১৭ তারিখে ৪১/২১ প্রদেয় বদান্য তহবিল খাতকে ডেবিট করে উপরোক্ত সুপারেনুয়েশন তহবিলের ন্যায় প্রথমে অঞ্চলে ও পরে অঞ্চল প্রধান শাখা অঞ্চলের সকল বদান্য তহবিলের চাঁদার একটিমাত্র ক্রেডিট এডভাইস মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে ১০ জুলাই, ২০১৭ এর মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। একইভাবে কর্পোরেট শাখাসমূহ ১০ জুলাই, ২০১৭ এর মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। লোকাল প্রিন্সিপাল অফিস কর্মকর্তা/কর্মচারীদের বেতন হতে কর্তনকৃত বদান্য তহবিলের চাঁদা এলপিও তে রক্ষিত এসএনডি হিসাব নং-৬০ জমা করে কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ কে অবহিত করে প্রতিবেদন প্রেরণ করবে।

✧ ২৮-০২-৯৪ তারিখে ভবিষ্য তহবিল বিভাগ হতে জারীকৃত অপারেশন পরিপত্র নং-২১/৯৪ এর নির্দেশনা অনুযায়ী বেতন প্রদানকারী শাখা/কার্যালয় জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৭ সময়ের কর্তনকৃত ভবিষ্য তহবিল হিসাবের চাঁদার প্রতিবেদন ও ২১০ খাতের সর্বমোট স্থিতির ক্রেডিট এডভাইস স্থানীয় মুখ্য কার্যালয়ের উপর ইস্যু করে স্ব-স্ব মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে এবং কর্পোরেট শাখা সমূহ সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ এ ২১ জুন, ২০১৭ এর মধ্যে প্রেরণ নিশ্চিত করবে।

৩.২৩। অবসর প্রাপ্তদের প্রদত্ত মাসিক পেনশনঃ

শাখা ব্যবস্থাপকগণ (মানসিক ভিত্তিতে) শাখা কর্তৃক প্রদানকৃত (১৩১/২২ খাত) পেনশনের (এলপিও'র উপর ইস্যুকৃত) ডেবিট এ্যাডভাইস ও প্রতিবেদন মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রতি বছর ১৫ জানুয়ারী ও ১৫ জুলাই তারিখের মধ্যে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ আওতাধীন শাখাসমূহ থেকে প্রাপ্ত ডেবিট এ্যাডভাইস শাখাভিত্তিক তালিকা করে ৬ মাস অন্তর অর্থাৎ প্রতি বছর ২০ জানুয়ারী ও ২০ জুলাই তারিখের মধ্যে উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকায় সরাসরি প্রেরণ করবে। কোন শাখা সরাসরি প্রধান কার্যালয়ের উপর এ্যাডভাইস ইস্যু করতে পারবে না। এখানে উল্লেখ্য যে, পেনশন প্রতিবেদন ও এ্যাডভাইসে বদান্য অনুদানের টাকা বা অন্য কোন টাকা যুক্ত করা যাবে না।

সূত্র নং- প্রকা/হিসাব-২ঃ১৮(পেনশন)/২০১৪-১৫/৩৪২১ তারিখঃ ২৩-০৪-২০১৫।

৩.২৪। কর্মকর্তা ও কর্মচারীদের মাসিক বেতন প্রদান প্রসংগেঃ

হিসাব ম্যানুয়ালের ১৩.৩৭ নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক সকল কর্মকর্তা ও কর্মচারীদের জুন, ২০১৭ মাসের বেতন ৬ মাসের ২০ তারিখে প্রদান করতে হবে। ২০ তারিখে ব্যাংক বন্ধ থাকলে পরবর্তী দিন প্রদান করতে হবে। কিন্তু কোন ক্রমেই ২০ তারিখের পূর্বে বেতন প্রদান করা যাবে না। অস্থায়ী কর্মকর্তা ও কর্মচারীদের বেতনের বিল একই দিনে প্রস্তুত পূর্বক উহা ৪১/৩-প্রদেয় হিসাবে রাখতে হবে এবং মাসের শেষ কর্মদিবসে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রদান করতে হবে।

৩.২৫। লাভ-ক্ষতির হিসাবঃ

শাখা ৩০ জুন, ২০১৭ তারিখ ভিত্তিক প্রস্তুতকৃত লাভ/ক্ষতির এ্যাডভাইস মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ বরাবর প্রেরণ করবে। শাখা থেকে (কর্পোরেট শাখা) সরাসরি প্রধান কার্যালয়ে কোন এ্যাডভাইস প্রেরণ করা যাবে না। উল্লেখ্য লাভ-ক্ষতির প্রতিবেদন (সংযুক্তি 'ঘ') তে বর্ণিত তথ্যাদির সাথে ছক-'ক' এর ২২ থেকে ২৪ নং ক্রমিকে উল্লেখিত তথ্যের অবশ্যই মিল থাকতে হবে। কর্পোরেট শাখাসমূহ সরাসরি প্রধান কার্যালয়ে এ্যাডভাইস প্রেরণ করবে।

ক) লাভ হলে হিসাব পদ্ধতি	:	১৩-লাভ-ক্ষতির হিসাব- ডেবিট
(১৩-লাভক্ষতি স্থিতি ক্রেডিট হলে লাভ হবে)	:	১১১৪-বিকেবি সাধারণ হিসাব - ক্রেডিট
খ) ক্ষতি হলে হিসাব পদ্ধতি	:	১১১৪-বিকেবি সাধারণ হিসাব - ডেবিট
(১৩-লাভ ক্ষতির স্থিতি ডেবিট হলে ক্ষতি হবে)	:	১৩-লাভ-ক্ষতির হিসাব - ক্রেডিট

৩.২৬। ব্যয় হিসাবঃ

জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৭ পর্যন্ত সকল ব্যয় সঠিক উপ-খাতে অন্তর্ভুক্ত করতে হবে এবং সাধারণ খতিয়ান বইয়ের ১৩৩ ব্যয় হিসাব খাতের স্থিতির সাথে সকল ব্যয়ের উপ-খাতের সমষ্টি অবশ্যই মিলতে হবে। জুন/২০১৭ পর্যন্ত খরচ হয়েছে কিন্তু পরিশোধিত হয়নি এমন ব্যয়ও প্রভিশন করে হিসাবের অন্তর্ভুক্ত করতে হবে।

৩.২৭। মার্চ কার্যালয় সমূহের খরচ প্রধান কার্যালয়ে প্রেরণঃ

সকল বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এর ০১-০১-২০১৭ হতে ৩০-০৬-২০১৭ তারিখ পর্যন্ত সর্বমোট খরচ বাবদ একটি মাত্র ডেবিট এ্যাডভাইসের সাথে বিস্তারিত খাতওয়ারী খরচের তালিকা (ছক-জ) সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করবে। কোন অবস্থাতেই শাখাসমূহ এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন না। কর্পোরেট শাখা (বেতন প্রদানকারী শাখা হলে) এ্যাডভাইসসহ খরচের বিবরণী সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করবেন। তবে শাখাকে প্রধান কার্যালয় হতে মেইলে প্রেরিত ছক পূরন করে ৩০-০৬-২০১৭ তারিখের মধ্যে সফটকপি কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করতে হবে।

৩.২৮। মনোহারী দ্রব্যাদি সরবরাহ হিসাবঃ

৩০ জুন, ২০১৭ পর্যন্ত শাখা কর্তৃক ব্যবহৃত মনোহারী ও সরবরাহকৃত দ্রব্যাদি যেমন হিসাবের বহি, রেজিস্টার ও অন্যান্য মুদ্রিত ফরম ইত্যাদির খরচ ১৩৩/২১-এ ডেবিট এবং বিপরীত দিকে মনোহারী ও সরবরাহ হিসাব খাত ১৩২ ক্রেডিট করতে হবে। বার্ষিক হিসাব সমাপনীর অন্যান্য বিবরণীর সাথে এসিএফ-৮৫ এর মাধ্যমে ৩০ জুন, ২০১৭ এর মজুদ মনোহারী দ্রব্যাদির বিবরণও দাখিল করতে হবে।

৩.২৯। ঋণ অবলোপন, শ্রেণীকৃত ঋণের সুদারোপঃ

ক) ঋণ অবলোপন এর হিসাবায়ন ও তথ্য সংরক্ষণে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর ১৬-০৮-২০০৩ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২০/২০০৩ এবং ঋণ আদায় বিভাগের ০২-১০-০৭ তারিখের পত্র প্রকা/আদায়-১১(২)/০৭-০৮/৭৯১(১২৫০) যথাযথভাবে অনুসরণ করতে হবে। অত্র বিভাগের ০৪-০৮-০৫ তারিখের পত্র নং-প্রকা/হিসাব-১/১(২৫)হিঃপ/ ০৫-০৬/২৭৯ এর নির্দেশনা অনুযায়ী অবলোপনকৃত ঋণ আদায় হলে তা বিকেবি সাধারণ হিসাব ১১১৪ এর পরিবর্তে শাখার ঋণের সুদ ৪৬/১ আয় খাতে ক্রেডিট করে আদায় ভাউচার করতে হবে।

খ) ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ০২-১২-২০১২ তারিখের পত্র নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০১২-১৩/২৩৫(১২০০) এর মাধ্যমে জারীকৃত বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-১৪ তারিখ ২৩-০৯-২০১২ এর নির্দেশনা মোতাবেক যে সমস্ত চলমান ঋণ, তলবী ঋণ ও মেয়াদী ঋণ হিসাব ২মাস ও তদুর্ধ্ব কিন্তু ৩ মাসের কম সময়কাল যাবৎ মেয়াদোত্তীর্ণ অবস্থায় অনাদায়ী থাকবে সে সকল ঋণের সম্পূর্ণ স্থিতি "Special Mention Account" হিসাবে চিহ্নিতকরতঃ উক্ত ঋণের উপর আরোপিত সুদ আয় খাতে হিসাবভুক্ত করা যাবে। তবে নিম্নমান ও সন্দেহজনক (SS & DF) শ্রেণীকৃত ঋণের উপর ধার্যকৃত সুদ আয় খাতের পরিবর্তে ৫২-স্থগিত সুদ খাতে সংরক্ষণ করতে হবে মর্মে যে নির্দেশনা দেয়া হয়েছে সে মোতাবেক ব্যবস্থা নিতে হবে। তাছাড়া মন্দ শ্রেণীকৃত ঋণ হিসাবে সুদ আরোপ স্থগিত থাকবে। "সকল শাখার সম্পূর্ণ সিএল বিবরণী (সিএল-১ হতে সিএল-৫) সরবরাহকৃত এক্সেল ফরমেটে অবশ্যই প্রস্তুত করে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে প্রেরণ করতে হবে"।

৩.৩০। ঋণ ও অগ্রিমের সুদঃ

ক্রেডিট বিভাগ-১ এর ২৫-০৭-২০১৬ ইং তারিখের এর পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৪/২০১৬ এর মাধ্যমে ঋণ ও অগ্রিমের সুদহার পুনঃনির্ধারণ করা হয়েছে সে মোতাবেক সুদ আরোপ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। যা বিকেবির ওয়েব সাইটে দেয়া আছে।

৩.৩১। অত্র ব্যাংকের বিভিন্ন প্রকার ঋণ প্রক্রিয়াকরণ ও ঋণের তদ্বাশী সম্পাদন ফি প্রসঙ্গে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক জারিকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৮/২০১৪ তারিখ : ১৭-০৯-২০১৪ (যা বিকেবির ওয়েব সাইটে দেয়া আছে) এর নির্দেশনা পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

৩.৩২। সম্পদ ও সম্পত্তি হিসাবঃ

অত্র বিভাগের পত্র নং-প্রকা/হিসাব-১/১(৪)/৯৮-৯৯/১৪১০ তারিখ ০১-১২-৯৮ইং মোতাবেক ব্যাংকের সম্পদের “ক্রয় মূল্যের” উপর অবচয় ধার্য করতে হবে। সকল সম্পত্তি হিসাবের (ডেড ষ্টক, দালান, মোটর যান ইত্যাদি) অবচয়ের বিবরণী অর্থাৎ এসিএফ-১৯৭ (সংশোধিত) সংযুক্তি-গ এর ৯নং কলামে প্রদর্শিত সর্বমোট অবচয়ের অংক অবশ্যই খরচের উপখাত ১৩৩/৩০ এ প্রদর্শিত অংকের সমান হতে হবে এবং উক্ত বিবরণীর ১০ নং কলামে প্রদর্শিত ৩০শে জুন, ২০১৭ তারিখে সম্পত্তির “বুক ভ্যালু” অবশ্যই হিসাব খাত ১৩৪, ১৩৫ ও ১৩৯ প্রদর্শিত অংকের সমান হবে। উল্লেখ্য যে, ১৩৪ হিসাব খাতে বিভিন্ন জড়দ্রব্যের উপখাত সমূহের (যেমন-১৩৪/১, ১৩৪/২, ১৩৪/৩, ১৩৪/৪) অবচয় তালিকা আলাদাভাবে দেখাতে হবে এবং উপখাত সমূহের উপ-সমষ্টি অবশ্যই প্রদর্শন করতে হবে। তাছাড়া সংযুক্তি ‘গ’ মোতাবেক অবচয়ের একটি বিবরণী অত্র বিভাগে প্রেরণ করতে হবে। সম্পদের বার্ষিক অবচয়ের হার নিম্নরূপঃ

ক্রঃনং	সম্পদের নাম	বার্ষিক অবচয়ের হার	মন্তব্য
(ক)	আসবাবপত্র	১০%	ক্রয় মূল্যের উপর অবচয় ধার্য করতে হবে
(খ)	অফিস সরঞ্জাম	১৫%	
(গ)	অফিসের যন্ত্রপাতি	২০%	
(ঘ)	বৈদ্যুতিক সরঞ্জাম	২০%	
(ঙ)	মোটর গাড়ী ও অন্যান্য যানবাহন	২০%	
(চ)	জমি	শূন্য	
(ছ)	ইমারত	২.৫%	

বিঃদ্রঃ মাঠ কার্যালয় বা শাখা সমূহ বৈষয়িক বিবরণীতে কোন অবস্থায় “১৩৯-ভূমি ও দালান কোঠা” হিসাব খাতে কোন অর্থ প্রদর্শন করতে পারবে না। যদি কোন শাখায় উক্ত খাতে কোন জের বা স্থিতি থাকে তবে তা ৩০ জুন, ২০১৭ তারিখের পূর্বেই প্রধান কার্যালয়ে ডেবিট এ্যাডভাইসের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৩.৩৩। Computerised শাখাসমূহের করণীয়ঃ

(i) অন লাইন Computerised শাখাসমূহের করণীয় বিষয়সমূহঃ

- শূন্য Balance সম্বলিত এবং অফিসিয়ালি ক্লোজড সকল প্রকার আমানত ও ঋণ হিসাবসমূহ Close Mark করতে হবে (স্টাফ/সরকারী হিসাবসমূহ ব্যতীত)। তাছাড়া TIN ধারী হিসাব পরিচালনাকারীদের সংশ্লিষ্ট হিসাবসমূহে TIN সংযোজন নিশ্চিত করতে হবে।
- সকল কর্মকর্তা/কর্মচারীদের সঞ্চয়ী হিসাবসমূহের CRM এ Staff Marking নিশ্চিত করতে হবে যাতে maintenance fee কর্তন করা না হয়।
- সকল ঋণ হিসাবের Classification status সঠিক করার লক্ষ্যে Loan Sanction date ,expiry date, installment no এবং installment amount fixup করতে হবে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক সকল আমানতের উপর প্রদত্ত সুদের বিপরীতে Source Tax কর্তনের পর সাবসিডিয়ারী (৪১/১৬) লেজার পরীক্ষা করে প্রয়োজনীয় ভাউচার প্রস্তুত করে Manually Posting দিয়ে Advice Issue করতে হবে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক আমানতের হিসাব (২১, ২২, ২১৩) হতে কর্তনকৃত Accounts maintenance fee এর বিপরীতে Vat কর্তনের পর সাবসিডিয়ারী (৪১/১০এ) লেজার পরীক্ষা করে প্রয়োজনীয় ভাউচার প্রস্তুত করে Manually Posting দিয়ে Advice Issue করতে হবে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক সকল আমানত/সিসি হিসাবসমূহ হতে আবগারী শুল্ক কর্তনের পর শাখা সাবসিডিয়ারী (৪১/১৯) লেজার পরীক্ষা করে প্রয়োজনীয় ভাউচার প্রস্তুত করে Manually Posting দিয়ে Advice Issue করতে হবে।
- Closing এর যাবতীয় System generated Automated voucher সমূহ সংশ্লিষ্ট শাখা Print করবে এবং সে অনুযায়ী ব্যাংকের ফরমেটে voucher প্রস্তুতকরে শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তার স্বাক্ষরসহ সংরক্ষণ করতে হবে।

(ii) অফ লাইন Computerised শাখাসমূহের করণীয় বিষয়সমূহঃ

- শূন্য Balance সম্বলিত সকল প্রকার আমানত ও ঋণ হিসাবসমূহ Close Mark করতে হবে (স্টাফ/সরকারী হিসাবসমূহ ব্যতীত)। তাছাড়া TIN ধারী হিসাব পরিচালনাকারীদের সংশ্লিষ্ট হিসাবসমূহে TIN সংযোজন নিশ্চিত করতে হবে।
- সকল কর্মকর্তা/কর্মচারীদের সঞ্চয়ী হিসাবসমূহের CRM এ Staff Marking নিশ্চিত করতে হবে যাতে maintenance fee কর্তন করা না হয়।
- সকল ঋণ হিসাবের Classification status সঠিক করার লক্ষ্যে Loan Sanction date, Expiry date, Installment No, Installment Amount এবং 52 Deferred Interest সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে।
- সকল Module এর interest update করার পূর্বে sample basis ৪/৫টি হিসাবের interest manually calculation করে তা Computer calculated interest sheet এর সাথে মিলিয়ে সঠিকতা যাচাই পূর্বক interest update করতে হবে।
- Closing এর যাবতীয় কার্যাবলী সম্পাদনের পূর্বে সকল Data এর Backup DVD/CD তে write করে রাখতে হবে যাতে Closing এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কোন রকম ভুল পরিলক্ষিত হলে পূর্বের data restore করে সঠিক ভাবে Closing করা যায়।

০৪। বার্ষিক হিসাব সমাপনীর পর শাখাসমূহ নিম্নবর্ণিত তালিকা অনুযায়ী প্রতিবেদন ও বিবরণী সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের নিকট প্রেরণ করবেন। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ পরবর্তীতে নির্ধারিত সময়ে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর সংশ্লিষ্ট কর্মকর্তার নামে প্রেরণ নিশ্চিত করবেন। শাখা সমূহ (স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখা ব্যতিত) সমাপনী প্রতিবেদন, এ্যাডভাইস ও বিবরণী কোন অবস্থাতেই সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করবে না।

বার্ষিক হিসাব সমাপনী প্রতিবেদন ও বিবরণী প্রেরণের নির্দেশনাঃ

